



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০৭২১-৮৬২৪৫০
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৫১
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং- ০৪/২০১৫

তারিখ : ১৯.০৮.২০১৫

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : এসএমই খাতে নারী উদ্যোক্তাদের অর্থায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

'Master Circular of SME Financing' বিষয়ে এ বিভাগের ০২.০৮.২০১৫ তারিখের সার্কুলার নং-০৩/২০১৫ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। উক্ত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী শাখা/ জোনের মোট এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে ১০% নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ ও বিতরণ করতে হবে। এ হিসাব অনুযায়ী রাকাবের ২০১৫-২০১৬ অর্থবছরে এসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৩০.০০ কোটি টাকার মধ্যে নারী উদ্যোক্তাদের জন্য ১০% অর্থাৎ ১৩.০০ কোটি টাকা বরাদ্দ ও বিতরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকের এসএমই ঋণ অর্থায়ন নীতিমালায় কুটির শিল্প ও মাইক্রো শিল্পকে এসএমই খাতের অন্তর্ভুক্ত করায় নারী উদ্যোক্তাদের অর্থায়নের পথ অনেক সহজতর হয়েছে। উল্লেখ্য, বর্তমানে কুটির শিল্প, মাইক্রো শিল্প ও ক্ষুদ্র শিল্প খাতে ঋণের সর্বনিম্ন সীমা নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ১০,০০০/-টাকা, ২০,০০০/- টাকা, ও ৫০,০০০/- টাকা।

৩। এমতপ্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থবছরে জোনভিত্তিক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ) এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার মধ্যে নারী উদ্যোক্তাদের লক্ষ্যমাত্রা নিম্নে পৃথকভাবে বন্টন করা হলো। জোনাল ব্যবস্থাপকগণ আগামী ৩১.০৮.২০১৫ তারিখের মধ্যে নারী উদ্যোক্তাদের জন্য শাখাভিত্তিক এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা বন্টন করে কপি এ বিভাগে প্রেরণ করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে নারী উদ্যোক্তাদের এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা কোন ব্যত্যয় ছাড়াই শতভাগ অর্জন করতে হবে। এছাড়া এ বিভাগের ০২.০৮.২০১৫ তারিখের সূত্রোক্ত সার্কুলার নং-০৩/২০১৫ এর সাথে সংযুক্ত ছকে ত্রৈমাসিক বিবরণীসমূহ যথাসময়ে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা		
		নারী উদ্যোক্তা	অন্যান্য	মোট
১	রাজশাহী	২২০	১৯৮০	২২০০
২	নওগাঁ	১০০	৯০০	১০০০
৩	নাটোর	৪০	৩৬০	৪০০
৪	চাঁপাইনবাবগঞ্জ	৪০	৩৬০	৪০০
৫	বগুড়া(উঃ)	১০০	৯০০	১০০০
৬	বগুড়া(দঃ)	১২০	১০৮০	১২০০
৭	জয়পুরহাট	৮০	৭২০	৮০০
৮	পাবনা	৬০	৫৪০	৬০০
৯	সিরাজগঞ্জ	৪০	৩৬০	৪০০
১০	রংপুর	১০০	৯০০	১০০০
১১	গাইবান্ধা	৪০	৩৬০	৪০০
১২	কুড়িগ্রাম	৪০	৩৬০	৪০০
১৩	নীলফামারী	৪০	৩৬০	৪০০
১৪	লালমনিরহাট	৪০	৩৬০	৪০০
১৫	দিনাজপুর (উঃ)	৫০	৪৫০	৫০০
১৬	দিনাজপুর (দঃ)	৬০	৫৪০	৬০০
১৭	ঠাকুরগাঁও	৪০	৩৬০	৪০০
১৮	পঞ্চগড়	৫০	৪৫০	৫০০
১৯	এলপিও	৪০	৩৬০	৪০০
	মোট:	১৩০০	১১৭০০	১৩০০০

৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

(খোন্দকার গোলাম মোস্তাফা)

সহকারী মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। উপমহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/ মহানথি।



(জগন্নাথ ঘোষ)

সহকারী মহাব্যবস্থাপক